



## শিক্ষাঙ্গন

### লালবাগ প্রাথমিক বিদ্যালয়ের সমস্যা

লালবাগ থানাধীন কাজী রিয়াজউদ্দিন রোডে অবস্থিত বর্তমান লালবাগ ১ নং সরকারী প্রাথমিক বিদ্যালয়টি ১৯১০ সালে ইসলামীয়া মক্তব নামে পরিচিত ছিলো। এটাই ছিল সে যুগে লালবাগ এলাকায় অবস্থিত সর্বপ্রথম বিদ্যালয়। কিন্তু বড় উদ্বোধনের সাথে বলতে হয়-

বিদ্যালয়টি অদ্যাবধি একই অবস্থায় রয়ে গেছে। সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সুদৃষ্টির অভাবে বর্তমানে বিদ্যালয়টি নানা সমস্যায় জর্জরিত। বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীর সংখ্যা প্রায় ৮শ। তাই ছাত্র-ছাত্রীর স্থান সংকুলার হয় না। স্থানীয় বিস্তৃশালী লোকদের সহযোগিতায় বিদ্যালয়টির কিছু সংস্কার করা হলেও স্থান সংকুলান

কাটিয়ে উঠা এখনো সম্ভব হয়ে উঠেনি। প্রয়োজনীয় সংখ্যক বেঞ্চ না থাকায় প্রায় ছাত্রকেই দাঁড়িয়ে ক্লাস করতে হয়, নতুবা বাড়ীতে ফিরে যেতে হয়। তাছাড়া শৌচাগারের পর্যাপ্ত পরিমাণের সুব্যবস্থা না থাকায় অধিকাংশ সময় তা ব্যবহারের অনুপযোগী হয়ে থাকে। আর শিক্ষার পাশাপাশি প্রত্যেকটি ছাত্রের খেলা-ধুলার বা শরীর চর্চার

নিয়ম থাকলেও মাঠের অভাবে তা সম্ভব হয়ে উঠে না, এমনকি শিক্ষকদের এ ব্যাপারে তেমন কোন আগ্রহ লক্ষ্য করা যায় না। ফলে, বার্ষিক ক্রীড়ায় ছাত্র-ছাত্রীরা তেমন একটা আগ্রহ প্রকাশ করে না। সুতরাং অত্র বিদ্যালয়ের উল্লেখিত সমস্যা সমাধানে সংশ্লিষ্ট শিক্ষা বিভাগ এগিয়ে আসবেন বলে আমরা প্রত্যাশা করি।

—আহমাদ আলী—